

প্রতীকি মিথস্ক্রিয়াবাদ Symbolic Interactionism

প্রতীকি মিথস্ক্রিয়াবাদ একটি মাইক্রো তাত্ত্বিক দৃষ্টিকোণ যা মার্কিন যুক্তরাষ্ট্রে বিংশ শতাব্দীর প্রথম দিকে বিকাশ লাভ করেছিল। জর্জ হারবার্ট মিড George Herbert Mead এর চিন্তার ফলশ্রুতি এই দৃষ্টিকোণটি ব্যক্তির সৃজনশীলতা ও স্বাধীনতার উপর জোর দেয়। প্রতীকের ব্যবহার মানুষকে অন্য প্রাণী থেকে আলাদা করে দিয়েছে এবং মানুষকে সমাজ জীবন নির্মাণ করার হাতিয়ার দিয়েছে। সমাজ জীবনে আমরা প্রতীকের মাধ্যমে যোগাযোগ ও মিথস্ক্রিয়া করি। এই মিথস্ক্রিয়া ও সামাজিকীকরণের ফলে আমাদের সত্তা Self গড়ে ওঠে। সত্তার তাই দুটি অংশ: আই i এবং মী me। আই নিজস্ব সত্তা এবং মী হচ্ছে অন্যের প্রভাবে সৃষ্ট সত্তা বা সামাজিক সত্তা। ফলে মানুষ একই সাথে ব্যক্তি এবং সামাজিক মানুষ- সৃজনশীল এবং সমাজের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ সামাজিক মানুষ।

এই তিনটি প্রধান প্যারাডাইম ছাড়াও সমাজবিজ্ঞানে আরো কয়েকটি বেশ জটিল প্যারাডাইম রয়েছে। এদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে বিনিময় তত্ত্ব Exchange Theory, যুক্তিভিত্তিক পছন্দ তত্ত্ব Rational Choice Theory, প্রপঞ্চবাদ Phenomenology, কাঠামোবাদ Structuralism, উত্তর-কাঠামোবাদ Post-Structuralism, উত্তর- আধুনিকতাবাদ Post-Modernism.